

এমপিও নীতিমালা বাতিল না করা হলে আমরণ অনশনের ঘোষণা নন-এমপিও শিক্ষক-কর্মচারীদের

স্টাফ রিপোর্টার ॥ এমপিও নীতিমালা আজ বৃহস্পতিবারের মধ্যে বাতিল করা না হলে আমরণ অনশনের যাওয়ার হুমকি দিয়েছেন আন্দোলনরত নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা। বুধবার দুপুরে জাতীয় প্রেসক্লাবের সামনে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশনের ডাকে অবস্থান কর্মসূচীর দ্বিতীয় দিন এ ঘোষণা দেয়া হয়।

দাবি পূরণ না হলে আজ বিকেল অথবা আগামীকাল শুক্রবার সকাল থেকে আমরণ অনশন শুরু হবে বলে জানিয়েছেন আন্দোলনকারী সংগঠন নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশনের জ্যেষ্ঠ সহসভাপতি শফিকুল ইসলাম।

তিনি বলেছেন, চলতি মাসের ৭ তারিখে মানববন্ধন করে আমরা আল্টিমেটাম দিয়েছিলাম যে ১৫ তারিখের মধ্যে নীতিমালা স্থগিত না করলে ও প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের ব্যবস্থা না করলে আমরা নীতিমালা স্থগিত এবং প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের উদ্দেশ্যে লাগাতার অবস্থানের কর্মসূচী দেব। ঘোষণা অনুযায়ী, মঙ্গলবার থেকে আমরা লাগাতার অবস্থান কর্মসূচীতে বসেছি। আমাদের সিদ্ধান্ত হচ্ছে, বৃহস্পতিবারের মধ্যে যদি আমাদের দাবি পূরণ না হয়, তাহলে আমাদের স্পষ্ট ঘোষণা আমরা আমরণ অনশনে যাব।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকণ্ঠ: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com